



প্রাণীপালকদের জন্য কিষান ক্রেডিট কার্ড (KCC-Animal Husbandry)



প্রাণী-সম্পদ বিকাশ দপ্তর

প্রকল্পটির উদ্দেশ্য

কপ্রাণীপালনে পালন খরচের যোগান নিশ্চিত করতে কিষান ক্রেডিট কার্ড পরিষেবার মাধ্যমে প্রাণীপালকদের স্বল্প সুদে খণ্ড প্রদান করা হয়।

কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

প্রাণীপালনের সঙ্গে যুক্ত নিজস্ব জমি/ভাড়া বা লিজ নেওয়া জমি আছে এমন ব্যক্তি, সেলফ হেল্প গ্রুপ।

কী কী সুবিধা পাওয়া যাবে

- ১) স্বল্পসুদে সর্বাধিক ২ লক্ষ টাকা পর্যন্ত খণের সুযোগ, যার মধ্যে ১ লক্ষ ৬০ হাজার টাকার খণে কোনও কো-ল্যাটারাল সিকিউরিটির প্রয়োজন নেই।
- ২) সময়ে পরিশোধ করলে ৩% সদের সমপরিমান টাকা ফেরৎযোগ্য।
- ৩) কৃষিক্ষেত্রে ২ লক্ষ টাকার কেসিসি-খণ গ্রহণকারী কৃষক প্রাণীপালনের জন্য আরও ১ লক্ষ টাকা অর্থাৎ সর্বাধিক ৩ লক্ষ টাকা কেসিসি-খণ পেতে পারেন।

প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) পরিচয় সংক্রান্ত প্রমাণের জন্য আবেদনকারীর আধার কার্ড/ভোটার কার্ড/পাসপোর্ট/ ড্রাইভিং লাইসেন্স/প্যান কার্ড/সরকারি কর্তৃপক্ষের দেওয়া পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত কপি।
- ২) বাসস্থান সংক্রান্ত প্রমাণের জন্য আবেদনকারীর আধার কার্ড/ভোটার কার্ড/পাসপোর্ট-এর কপি/টেলিফোন অথবা ইলেকট্রনিকের সাম্প্রতিক বিল/সম্পত্তি করের রসিদের কপি (বিল বা রসিদ দু-মাসের বেশি পুরনো নয়)/স্থানীয় পঞ্চায়েত, পৌরসভা বা সরকারি কর্তৃপক্ষের দেওয়া শংসাপত্র;
- ৩) জমির নথি (যদি প্রয়োজন হয়);
- ৪) সম্প্রতি তোলা আবেদনকারীর ২ কপি ছবি (৬ মাসের বেশি পুরনো নয়)।

যোগাযোগ

ব্লক প্রাণী-সম্পদ বিকাশ আধিকারিকের দপ্তর।